

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ  গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ : ২৩ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ/ ০৮ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং-৩৩৫-আইন/২০২২।—বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ২১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশনের সহিত পরামর্শক্রমে, এতদ্বারা ১৪ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ২৬ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও. নং ৫০-আইন/২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিলের কলাম (১) এ উল্লিখিত ক্রমিক নং ৯৪ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৯৪। সেফটি রেজর ব্লেডস বিডিএস ২১৯:২০২২ (২য় রিভিশন)”।

(২) এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে পরবর্তী ২ (দুই) মাস সময়কাল অতিবাহিত হইবার পরের দিন হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আহসান মাহমুদ
সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৮০৭১)

মূল্য : টাকা ৪.০০